

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.২২৪

তারিখ: ৩০ অগ্রহাষণ ১৪২৬

১৫ ডিসেম্বর ২০১৯

বিষয়: ঢাকা মহানগরীতে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের অনুমতি প্রদান।

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫০২.২০১৯-৩৮৪১, তারিখ: ২৫ নভেম্বর ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অনন্য সামাজিক উন্নয়ন সংস্থা (অসউস) কর্তৃক নিম্নোক্ত শর্তে ঢাকা মহানগরীতে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে দ্রুততম দৌড়বিদ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য এ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

১. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের উপর বাধ্যবাধকতা আরোপ করা যাবে না;
২. অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের যাতায়াত, খাণ্ডা-খাওয়া এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করে কেহ আহত হলে চিকিৎসার যথাযথ ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
৩. প্রতিযোগিতা চলাকালীন ছাত্র-ছাত্রীদের পরীক্ষাসহ স্বাভাবিক শিক্ষা কার্যক্রমের কোন ধরনের বিঘ্ন ঘটানো যাবে না;
৪. প্রতিযোগিতার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও তার অধীনস্থ কোনো অধিদপ্তর, দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের উপর কোনো ধরনের আর্থিক সংশ্লেষ থাকবে না;
৫. প্রতিযোগিতাকালীন কোনো ধরনের দুর্ঘটনা ঘটলে তার দায়ভার শিক্ষা মন্ত্রণালয় ও তার অধীনস্থ কোনো অধিদপ্তর, দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের উপর বর্তাবে না;
৬. প্রতিযোগিতা আয়োজনের পূর্বে ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারের নিকট থেকে লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং অংশগ্রহণকারীদের সব ধরনের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে হবে।

১৫-১২-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.২২৪/১(৩)


তারিখ: ৩০ অগ্রহাষণ ১৪২৬

১৫ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সভাপতি, অনন্য সামাজিক উন্নয়ন সংস্থা, বিকাতলা, ঢাকা।



১৫-১২-২০ ১৯

আনোয়ারুল হক

উপসচিব